

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
আইন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.shed.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.২৫

তারিখ: ৪ মাঘ ১৪৩০

১৮ জানুয়ারি ২০২৪

বিষয়: প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা-এ দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৪৫৩/২০২৩
পরিচালনা।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনাব মোঃ আব্দুল মান্নান, উপাচার্য (জাতীয়করণের পূর্বে, গ্রেড-৫) ও প্রভাষক (ইংরেজি), সরকারি রূপনগর মডেল স্কুল অ্যান্ড কলেজ, ঢাকা এবং গং প্রকল্পের চাকরিকাল গণনাপূর্বক জাতীয়করণ/সরকারিকরণের অব্যবহিত পূর্বের কার্যকর চাকরিকাল বিবেচনা করে বেতন নির্ধারণের ক্ষেত্রে প্রকল্পের চাকরির ধারাবাহিকতা ও সর্বশেষ বেতন স্কেল সংরক্ষণ/বহাল রাখার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৪৫৩/২০২৩ দায়ের করেন। মামলায় সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরসহ ০৪ (চার) জন-কে বিবাদী করা হয়েছে। বিবাদীগণকে লিখিত জবাব/আপত্তি সত্যপাঠ সহ (যদি থাকে) অনুলিপি সহকারে ০২ (দুই) প্রস্ত উক্ত প্রশাসনিক ট্রাইব্যুনালে আগামী ১৯/০৩/২০২৪ তারিখ সকাল ১০.০০ টার মধ্যে দাখিল করার নির্দেশনা রয়েছে।

০২। এমতাবস্থায় প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকায় দায়েরকৃত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৪৫৩/২০২৩ সচিব মহোদয়ের পক্ষে পরিচালনার নিমিত্ত নিম্নোক্ত ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

- প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলা নং-৪৫৩/২০২৩-এর বিষয়ে সরকার পক্ষে মামলা পরিচালনার জন্য প্রশাসনিক ট্রাইব্যুনালের সাথে যোগাযোগপূর্বক একজন বিজ্ঞ কৌশলি নিয়োগের ব্যবস্থা করা।
- উক্ত মামলার বিষয়ে ওকালতনামা ও অথরাইজেশন লেটার সচিব মহোদয়ের স্বাক্ষরের নিমিত্ত প্রেরণের ব্যবস্থা গ্রহণ।
- ধার্য তারিখে মামলার জবাব প্রদান করা/প্রয়োজনে সংশ্লিষ্ট আদালতে সময় বৃদ্ধির আবেদন করা।
- আর্জির দফাওয়ারী জবাব প্রস্তুতপূর্বক সংশ্লিষ্ট কাগজপত্র সরকার পক্ষে নিয়োজিত বিজ্ঞ কৌশলির নিকট প্রেরণ করা।
- উক্ত মামলার অগ্রগতি এবং মামলা চলাকালীন সার্বিক বিষয়ে নিয়মিতভাবে মন্ত্রণালয়কে অবহিতকরণ।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

১৮-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার

সহকারী সচিব

ফোন: ৫৫১০১১৬৯

মহাপরিচালক

মহাপরিচালকের দপ্তর

ইমেইল: law.section1@shed.gov.bd


মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৯৩.১৫.০০১.২২.২৫/১(৩)

তারিখ: ৪ মাঘ ১৪৩০
১৮ জানুয়ারি ২০২৪

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ]
- ৩) ব্যক্তিগত কর্মকর্তা, নিরীক্ষা ও আইন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা



১৮-১-২০২৪

মো: আব্দুল জলিল মজুমদার
সহকারী সচিব